গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd।

জাতীয় মাদকবিরোধী কমিটির ২৪ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আব্দুস সবুর মন্ডল পিএএ<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| তারিখ ও সময় | : | ২৩ ডিসেম্বর, ২০২১খ্রি., বিকাল ০৪.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক''। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার প্রারম্ভে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহিদকেও শ্রদ্ধাভরে স্মরণ করেন। সভাপতি বলেন, এ বছর আমাদের দেশ ও জাতির জন্য খুবই গুরুত্বপূর্ণ একটি বছর। এবছর মহান বিজয়ের সুবর্ণজয়ন্তীর পাশাপাশি আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে 'মুজিববর্ষ' উদযাপন করেছি। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

২। অত:পর অতিরিক্ত মহাপরিচালক সভায় গত ২৪ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় মাদকবিরোধী কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনান। জাতীয় মাদকবিরোধী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় মাদকবিরোধী কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের কর্মকর্তাদেরকে নিম্মোক্তভাবে দায়িত্ব প্রদান করা হয়:

| ক্র: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | অধিদপ্তরে ২৩/১২/২০২১ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২ | মাদকদ্রব্যের চাহিদা হ্রাস | ২.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য সরকারি/বেসরকারি সংস্থার চলমান মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত থাকবে। শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচার বাড়াতে হবে। | ১.সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | ২.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য সরকারি/বেসরকারি সংস্থার চলমান মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত থাকবে। শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচার বাড়াতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ২.২) তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে সকল সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্মিত মাদকবিরোধী টকশো ও টিভিসিগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরকারি ও | ১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>৩. মহাপরিচালক, | ২.২) তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে সকল সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্মিত মাদকবিরোধী টকশো ও টিভিসিগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ | পরিচালক (নিরোধ শিক্ষা/ প্রশাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | বেসরকারি রেডিও চ্যানেলগুলোতেও মাদকবিরোধী প্রচারণা চালাতে হবে। প্রয়োজনে কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় এসব কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাংলাদেশ টেলিভিশন।<br>৪. অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওয়ার্ন (এটকো)। | করতে হবে। সরকারি ও বেসরকারি রেডিও চ্যানেলগুলোতেও মাদকবিরোধী প্রচারণা চালাতে হবে। প্রয়োজনে কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় এসব কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| | | ২.৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ইসলামিক ফাউন্ডেশনের সাথে আলোচনা করে ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ মডিউলে মাদকবিরোধী কি ধরনের বক্তব্য বা কোন কোন বিষয় অন্তর্ভূক্ত করা যায় এবং মসজিদে আলোচনার বিষয় ও কৌশল নির্ধারণ করবেন। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। | ২.৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ইসলামিক ফাউন্ডেশনের সাথে আলোচনা করে ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ মডিউলে মাদকবিরোধী কি ধরনের বক্তব্য বা কোন কোন বিষয় অন্তর্ভূক্ত করা যায় এবং মসজিদে আলোচনার বিষয় ও কৌশল নির্ধারণ করবেন। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | | ২.৪) শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির TOR অনুযায়ী প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা স্ট্র্যাটেজিক কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | ২.৪) শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির TOR অনুযায়ী প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা স্ট্র্যাটেজিক কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা/প্রশাসন) |
| | | ২.৫) মাদকবিরোধী প্রচারে জনপ্রিয় শিল্পীদের দিয়ে সময়োপযোগী টিভিসি প্রস্তুত করে সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর; | ২.৫) মাদকবিরোধী প্রচারে জনপ্রিয় শিল্পীদের দিয়ে সময়োপযোগী টিভিসি প্রস্তুত করে সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | | ২.৬) ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর পাঠ্যপুস্তকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকের কুফল ও ক্ষতিকর বিষয়ে হালনাগাদকৃত টপিকগুলো অন্তর্ভূক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি প্রাথমিক শিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা কারিক্যুলামে মাদকের কুফল ও ক্ষতিকর বিষয়সমূহ শ্রেণীভিত্তিক পাঠ্যপুস্তকে অন্তর্ভূক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে বিষয়টি চূড়ান্ত করতে হবে; | ১.সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।<br>৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।<br>৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>৫. চেয়ারম্যান, এনসিটিবি। | ২.৬) ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর পাঠ্যপুস্তকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকের কুফল ও ক্ষতিকর বিষয়ে হালনাগাদকৃত টপিকগুলো অন্তর্ভূক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি প্রাথমিক শিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা কারিক্যুলামে মাদকের কুফল ও ক্ষতিকর বিষয়সমূহ শ্রেণীভিত্তিক পাঠ্যপুস্তকে অন্তর্ভূক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে বিষয়টি চূড়ান্ত করতে হবে; | পরিচালক (নিরোধ শিক্ষা) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২.৭) বিদেশের শ্রমবাজারে বাংলাদেশের ভাবমূর্তি বৃদ্ধিসহ বর্হিবিশ্বের শ্রম বাজার বাংলাদেশের জন্য আরো উন্মুক্ত করতে বিদেশগামী এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মীদের মাদকের বিষয়ে সচেতন করতে হবে। প্রয়োজনে বিদেশগামীদের আকস্মিকভাবে ডোপটেস্ট করা যেতে পারে। এ লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির সভায় উপস্থাপন করতে হবে; | ১.সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | ২.৭) বিদেশের শ্রমবাজারে বাংলাদেশের ভাবমূর্তি বৃদ্ধিসহ বর্হিবিশ্বের শ্রম বাজার বাংলাদেশের জন্য আরো উন্মুক্ত করতে বিদেশগামী এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মীদের মাদকের বিষয়ে সচেতন করতে হবে। প্রয়োজনে বিদেশগামীদের আকস্মিকভাবে ডোপটেস্ট করা যেতে পারে। এ লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। কর্মপরিকল্পনাটি যথাযথভাবে প্রণয়নপূর্বক জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট। |
| | | ২.৮) বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে ডোপটেস্ট করার বিষয়টি তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | ২.৮) বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে ডোপটেস্ট করার বিষয়টি তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | | ২.৯) ঢাকা আহসানিয়া মিশন, টিএমএসএস, প্রমিসেস মেডিকেল লিমিটেড এবং অন্যান্য এনজিও তাদের স্ব স্ব ঋণ প্রদান কর্মকৌশলে মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রম অন্তর্ভূক্ত করে তা বাস্তবায়ন করবে। | ১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।<br>২. চেয়ারম্যান, প্রমিসেস মেডিকেল লিমিটেড। | ২.৯) ঢাকা আহসানিয়া মিশন, টিএমএসএস, প্রমিসেস মেডিকেল লিমিটেড এবং অন্যান্য এনজিও তাদের স্ব স্ব ঋণ প্রদান কর্মকৌশলে মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রম অন্তর্ভূক্ত করে তা বাস্তবায়ন করবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | | ২.১০) মাদকের বিরুদ্ধে সচেতন করতে সমাজের সর্বস্তরের অংশগ্রহণে সমন্বিত সামাজিক আন্দোলন গড়ে তুলতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের খসড়া কর্মপরিকল্পনা আরও পরীক্ষার মাধ্যমে চূড়ান্ত করে তা বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে; | ১. পরিচালক, ঢাকা আহসানিয়া মিশন।<br>২. নির্বাহী পরিচালক, টিএমএসএস।<br>৩. অন্যান্য সকল এনজিও। | ২.১০) মাদকের বিরুদ্ধে সচেতন করতে সমাজের সর্বস্তরের অংশগ্রহণে সমন্বিত সামাজিক আন্দোলন গড়ে তুলতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের খসড়া কর্মপরিকল্পনা আরও পরীক্ষার মাধ্যমে চূড়ান্ত করে তা বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| ৩. | মাদকদ্রব্যের ক্ষতি হ্রাস | ৩.১) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে; | ১. অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | ৩.১) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ [illegible]/ অতিরিক্ত পরিচালক (সকল) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৩.২) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের লাইসেন্সে কি শর্ত আছে এবং বাস্তবে কি আছে/কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করার জন্য চেক লিস্ট প্রণয়ন করতে হবে। | ৩. বিভাগীয় কমিশনার (সকল)।<br><br>৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br><br>৫. সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।<br><br>৬. পরিচালক, ঢাকা আহসানিয়া মিশন।<br><br>৭. নির্বাহী পরিচালক, টিএমএমএসএস।<br><br>৮. অন্যান্য সকল এনজিও। | ৩.২) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের লাইসেন্সে কি শর্ত আছে এবং বাস্তবে কি আছে/কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করার জন্য চেক লিস্ট প্রণয়ন করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ৩.৩) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো চেকলিস্ট অনুযায়ী মনিটরিং করার জন্য জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটিকে দায়িত্ব দেয়া যেতে পারে। এলক্ষ্যে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির কার্যপরিধিতে জেলাস্থ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে অধিদপ্তরের চেকলিস্ট অনুযায়ী বাস্তবে কি আছে/কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করে বিভাগীয় মনিটরিং কমিটির মাধ্যমে প্রতিবেদন প্রদান করতে হবে। প্রতি ৩ মাস অন্তর নিরাময় কেন্দ্রগুলোর বাস্তব অবস্থা তুলে ধরে প্রতিবেদন প্রদান করার বিষয়টি অন্তর্ভূক্ত করে এর দায়িত্ব উক্ত কমিটিকে দেওয়া যেতে পারে। অধিকন্তু প্রথম প্রতিবেদন সভাপতি ২ মাসের মধ্যে দিবেন। | | ৩.৩) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো চেকলিস্ট অনুযায়ী মনিটরিং করার জন্য জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটিকে দায়িত্ব দেয়া যেতে পারে। এলক্ষ্যে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির কার্যপরিধিতে জেলাস্থ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে অধিদপ্তরের চেকলিস্ট অনুযায়ী বাস্তবে কি আছে/কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করে বিভাগীয় মনিটরিং কমিটির মাধ্যমে প্রতিবেদন প্রদান করতে হবে। প্রতি ৩ মাস অন্তর নিরাময় কেন্দ্রগুলোর বাস্তব অবস্থা তুলে ধরে প্রতিবেদন প্রদান করার বিষয়টি অন্তর্ভূক্ত করে এর দায়িত্ব উক্ত কমিটিকে দেওয়া যেতে পারে। অধিকন্তু প্রথম প্রতিবেদন সভাপতি ২ মাসের মধ্যে দিবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ৩.৪) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথ মনিটরিং করার জন্য বিভাগীয় কমিশনার এর নেতৃত্বে তাঁর বিভাগের জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্বাস্থ্য বিভাগ, শিক্ষা বিভাগ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে সম্পৃক্ত এবং কার্যপরিধি নির্দিষ্ট করে বিভাগীয় মনিটরিং কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | | ৩.৪) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথ মনিটরিং করার জন্য বিভাগীয় কমিশনার এর নেতৃত্বে তাঁর বিভাগের জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্বাস্থ্য বিভাগ, শিক্ষা বিভাগ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে সম্পৃক্ত এবং কার্যপরিধি নির্দিষ্ট করে বিভাগীয় মনিটরিং কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | পরিচালক (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ৩.৫) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রগুলো ভিন্ন ভিন্ন হতে হবে। মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এর প্যারামিটার কি হবে- | | ৩.৫) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রগুলো ভিন্ন ভিন্ন হতে হবে। মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এর প্যারামিটার কি হবে-তা | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | তা নির্ধারণ করতে হবে। | | নির্ধারণ করতে হবে। | |
| | | ৩.৬) এনজিওগুলো যাতে পুনর্বাসনে এগিয়ে আসে সেজন্য মহাপরিচালক তাদের সাথে সভা করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও পুনর্বাসনের খাত চিহ্নিত করবেন। | | ৩.৬) এনজিওগুলো যাতে পুনর্বাসনে এগিয়ে আসে সেজন্য মহাপরিচালক তাদের সাথে সভা করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও পুনর্বাসনের খাত চিহ্নিত করবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট। |
| | | ৩.৭) নিরাময় কেন্দ্রে কোন আসামী ভর্তি থাকলে মামলার তদন্তকাজে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে কিভাবে সহযোগিতা করা যায় সে বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক তদন্তকারী সংস্থাসমূহের সাথে আলোচনা করে একটি পন্থা নির্ধারণ করে সমন্বয়ের ব্যবস্থা নিবেন। | | ৩.৭) নিরাময় কেন্দ্রে কোন আসামী ভর্তি থাকলে মামলার তদন্তকাজে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে কিভাবে সহযোগিতা করা যায় সে বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক তদন্তকারী সংস্থাসমূহের সাথে আলোচনা করে একটি পন্থা নির্ধারণ করে সমন্বয়ের ব্যবস্থা নিবেন। | পরিচালক (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন) |
| | | ৩.৮) বেসরকারি মাদকাসক্ত নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা বিধিমালা চূড়ান্ত হওয়ার পর বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে চিকিৎসার পদ্ধতি সম্পর্কে দিক নির্দেশনা প্রদানের জন্য একটি কারিগরি কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | | ৩.৮) বেসরকারি মাদকাসক্ত নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা বিধিমালা চূড়ান্ত হওয়ার পর বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে চিকিৎসার পদ্ধতি সম্পর্কে দিক নির্দেশনা প্রদানের জন্য একটি কারিগরি কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট। |
| | | ৩.৯) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রমে অন্যান্য সরকারি/বেসরকারি সংস্থাকে সম্পৃক্ত করে অধিদপ্তরের কর্মপরিকল্পনা চূড়ান্ত করে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | | ৩.৯) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রমে অন্যান্য সরকারি/বেসরকারি সংস্থাকে সম্পৃক্ত করে অধিদপ্তরের কর্মপরিকল্পনা চূড়ান্ত করে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |
| ৪ | মাদকদ্রব্যের সরবরাহ হ্রাস | ৪.১) মাদকব্যবসায়ীদের ওপর কড়া নজর রাখতে হবে এবং অবৈধ মাদক উদ্ধারে সংশ্লিষ্ট সকল সংস্থাকে আরো বেশি তৎপর হতে হবে। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;<br>২. সকল আইন শৃংখলা রক্ষাকারী সংস্থা। | ৪.১) মাদকব্যবসায়ীদের ওপর কড়া নজর রাখতে হবে এবং অবৈধ মাদক উদ্ধারে সংশ্লিষ্ট সকল সংস্থাকে আরো বেশি তৎপর হতে হবে। | পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)/[illegible],/অতিরিক্ত পরিচালক (সকল) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৪.২) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে গঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি, স্ট্র্যাটেজিক কমিটি, এনফোর্সমেন্ট কমিটি এবং মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি ও সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর; | ৪.২) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে গঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি, স্ট্র্যাটেজিক কমিটি, এনফোর্সমেন্ট কমিটি এবং মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি ও সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল)/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ৪.৩) মাদক চোরাকারবারিদের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনে তা ক্রসচেক করতে হবে। আইন প্রয়োগকারী অন্যান্য সংস্থা/গোয়েন্দা সংস্থার সাথে আলোচনা ও সমন্বয় করে মাদক চোরাকারবারিদের ডাটাবেজ তৈরি করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>৩. সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।<br>৪. সকল গোয়েন্দা সংস্থা। | ৪.৩) মাদক চোরাকারবারিদের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনে তা ক্রসচেক করতে হবে। আইন প্রয়োগকারী অন্যান্য সংস্থা/গোয়েন্দা সংস্থার সাথে আলোচনা ও সমন্বয় করে মাদক চোরাকারবারিদের ডাটাবেজ তৈরি করতে হবে। | পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)/ / অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ৪.৪) জাতীয় ও আন্তর্জাতিক ডাক ও কুরিয়ার সার্ভিসসমূহের কর্তৃপক্ষকে সম্পৃক্ত করে তাদের মাধ্যমে ডাক ও কুরিয়ার সার্ভিসে মাদক পাচার রোধ করতে হবে। লাইসেন্সবিহীন অবৈধ কুরিয়ার সার্ভিসগুলোর বিরুদ্ধে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।<br>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>৩. চেয়ারম্যান, মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষ। | ৪.৪) জাতীয় ও আন্তর্জাতিক ডাক ও কুরিয়ার সার্ভিসসমূহের কর্তৃপক্ষকে সম্পৃক্ত করে তাদের মাধ্যমে ডাক ও কুরিয়ার সার্ভিসে মাদক পাচার রোধ করতে হবে। লাইসেন্সবিহীন অবৈধ কুরিয়ার সার্ভিসগুলোর বিরুদ্ধে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)/ প্রধান রাসায়নিক পরীক্ষক। |
| | | ৪.৫) বিজিবি'র 'আলোকিত সীমান্ত' প্রকল্পটি বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতা অব্যাহত রাখতে হবে। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>২. মহাপরিচালক, বিজিবি। | ৪.৫) বিজিবি'র 'আলোকিত সীমান্ত' প্রকল্পটি বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | ৪.৬) মাদক অপরাধ দমন ও মাদক চোরাকারবারিদের আইনের আওতায় আনয়নের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের কর্মপরিকল্পনা চূড়ান্ত করে তা বাস্তবায়নে দপক্ষেপ নিতে হবে। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | ৪.৬) মাদক অপরাধ দমন ও মাদক চোরাকারবারিদের আইনের আওতায় আনয়নের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের কর্মপরিকল্পনা চূড়ান্ত করে তা বাস্তবায়নে দপক্ষেপ নিতে হবে। | পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | বিবিধ | (৫.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ-পর্যায়ে অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করে কর্মকর্তা-কর্মচারীদের মনিটরিং ও মেন্টরিং বাড়াতে হবে। | ১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br><br>২. মহাপরিচালক, বিজিবি। | (৫.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ-পর্যায়ে অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করে কর্মকর্তা-কর্মচারীদের মনিটরিং ও মেন্টরিং বাড়াতে হবে। | পরিচালক (সকল) |
| | | (৫.২) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তাদের সক্ষমতা বাড়াতে হবে। | | (৫.২) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তাদের সক্ষমতা বাড়াতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | | (৫.৩) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বাড়ানো সংশ্লিষ্ট প্রকল্পসমূহ দ্রুত ও যথাযথভাবে প্রণয়ন করতে হবে। নতুন বিধিমালাসমূহ চূড়ান্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | | (৫.৩) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বাড়ানো সংশ্লিষ্ট প্রকল্পসমূহ দ্রুত ও যথাযথভাবে প্রণয়ন করতে হবে। নতুন বিধিমালাসমূহ চূড়ান্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | | (৫.৪) আগামী ২৭ অক্টোবর, ২০২১ তারিখে বাংলাদেশ-ভারত মহাপরিচালক পর্যায়ের ৭ম দ্বি-পাক্ষিক সভা সফলকরণে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। পাশাপাশি ইয়াবা পাচাররোধে মিয়ানমারের সাথে পুনরায় দ্বি-পাক্ষিক সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | (৫.৪) গত ২৭ অক্টোবর, ২০২১ তারিখ বাংলাদেশ-ভারত মহাপরিচালক পর্যায়ের ৭ম দ্বি-পাক্ষিক সভা জুম অনলাইন প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অবিলম্বে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। পাশাপাশি ইয়াবা পাচাররোধে মিয়ানমারের সাথে পুনরায় দ্বি-পাক্ষিক এবং প্রয়োজনে বাংলাদেশ-ভারত-মিয়ানমার ত্রি-পাক্ষিক সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া পার্শ্ববর্তী দেশসমূহের সাথে ডিসি-ডিএম এর ন্যায় অনুরূপ সভাসমূহ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা) |

৪। সভাপতি মাদকের চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস ও ক্ষতি হ্রাস কার্যক্রমে তথা অবৈধ মাদকের বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ''জিরো টলারেন্স'' বাস্তবায়নে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার আহবান জানান।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০১/২০২২

(মো: আব্দুস সবুর মন্ডল পিএএ)
মহাপরিচালক।

নং-৫৮.০২.০০০০.০০৫.১৮.৩৯২(খন্ড-১).১৯. ৪৪

তারিখ: ২০ পৌষ, ১৪২৮
০৪ জানুয়ারি, ২০২২

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।

২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৮। উপপরিচালক (..........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.............................।
৯। সহকারী পরিচালক (..........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।
১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

০৪/০১/২০২২

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
মোবাইল: +৮৮০১৪০৪০৭২০১৯
ই-মেইল: adadmin@dnc.gov.bd